শাহজালাল ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড

ফেঞ্চুগঞ্জ, সিলেট

সূত্র নং-৩৬.০০১.০০০.০৫.২৫-১.০২০৪.২০২৬/৭৮২ তারিখঃ-০৭/০৫/২০২৬ খ্রি.

বি জ্ঞ প্তি

দেশে চরম গ্যাস সংকটকালে অত্র কারখানার ইউরিয়া সার উৎপাদনের নিমিত্ত গত ০১/০৫/২০২৬ খ্রিস্টাব্দ হতে এসএফসিএল-এ গ্যাস সরবরাহ করা হয়েছে এবং কারখানা কর্তৃপক্ষ ও সকলের ঐকান্তিক প্রচেষ্টায় ০৬/০৫/২০২৬ খ্রিস্টাব্দ হতে কারখানা সার উৎপাদনে গিয়েছে। এহেন পরিস্থিতিতে কারখানায় নিরবচ্ছিন্ন উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে কারখানার উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ গত ০৬/০৫/২০২৬ খ্রিস্টাব্দে কারখানার বিভিন্ন বিভাগ/শাখায় সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণের জন্য সরেজমিনে পরিদর্শনে গেলে কারখানার ইউটিলিটি শাখা ও ল্যাবরেটরী শাখায় জনবলের উপস্থিতি সঠিকভাবে পাওয়া যায় নি। আরো পরিলক্ষিত হয় কোন কোন শাখার কর্মরত জনবল কোন নিয়ম-নীতির তোয়াক্কা না করে ইচ্ছামাফিক কর্মস্থল ত্যাগ করে চলে যান। তাছাড়া কাউকে কাউকে অফিস সময়ে বাহিরে ও বাজারে ঘুরাঘুরি করতে দেখা যায় যা মোটেই কাম্য নয়।

এমতাবস্থায় কারখানার উৎপাদন প্রক্রিয়া যাতে কোনভাবেই বিঘ্ন সৃষ্টি না হয় সে লক্ষ্যে সকল শ্রমিক-কর্মচারী ও কর্মকর্তাকে নির্ধারিত অফিস সময়-সূচী অনুসরণ করে যথাযথাভবে কর্তব্যকাজ সম্পাদনের জন্য অনুরোধ করা হলো। সকল বিভাগীয় ও শাখা প্রধানগণকে স্ব স্ব বিভাগ/শাখার জনবলের উপস্থিতি সর্বদা সুনিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এ ব্যাপারে সকলের সহযোগিতা একান্ত কাম্য।

০৭/০৫/২০২৬

(মোঃ রেজাউল করিম)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে।

বিতরণঃ- সা ধা র ণ।

অনুলিপিঃ-

০১। ব্যবস্থাপনা পরিচালক, এসএফসিএল, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
০২। বিভাগীয়/শাখা প্রধান----------(সকল), এসএফসিএল, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
০৩। সভাপতি/সাধারণ সম্পাদক, এসএফসিএল অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
০৪। নোটিশ বোর্ড।
০৫। নথি।